

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
Web site: [www.doict.gov.bd](http://www.doict.gov.bd), Fax: +88-0255006827

স্মারক নং:-৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫- ৪৫৭৬

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ অক্টোবর ২০১৭খ্রি:


বিষয়: ভাষা প্রশিক্ষণ সফটওয়্যারের ওপর ০২ (দুই) দিনব্যাপী ওরিয়েন্টেশন কোর্সে শিক্ষক মনোনয়ন প্রসঙ্গে।

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রতিটি জেলায় ০১টি সহ ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে এবং স্থাপিত ল্যাবে ১৭টি ল্যাপটপসহ অন্যান্য ডিভাইস প্রদান করা হয়েছে। সফটওয়্যার স্থাপন ও সফটওয়্যারের ওপর ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতিটি ভাষা প্রশিক্ষণ ল্যাব হতে ০১(এক) জন কম্পিউটার প্রশিক্ষক বা ল্যাবের দায়িত্বপ্রাপ্ত আইসিটি শিক্ষক মনোনয়নপূর্বক নাম প্রস্তাব অনুরোধ করা হলো। মনোনয়নপ্রাপ্ত ৬৫জন শিক্ষক/ কম্পিউটার প্রশিক্ষকগণ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট, ঢাকা'র তত্ত্বাবধানে তাঁদের নিজস্ব ল্যাবে ১৯-২০ অক্টোবর/২০১৭ এ ০২(দুই) দিন ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করবেন। প্রশিক্ষণে অংশগ্রহণ ও থাকা-খাওয়ার জন্য প্রত্যেক অংশগ্রহণকারীকে নির্ধারিত ভাতা প্রদান করা হবে।


নিম্নের ছক অনুযায়ী প্রশিক্ষণার্থী শিক্ষকের নাম প্রস্তাব আগামী ১৫ অক্টোবর/২০১৭খ্রি: তারিখের মধ্যে আবশিকভাবে প্রকল্প দপ্তরে প্রেরণের অনুরোধ করা হলো:

ক্রমিক নং	শিক্ষক/ প্রশিক্ষকের নাম	মোবাইল নম্বর	ই-মেইল	ঠিকানা	মন্তব্য
০১					মুখ্য অংশগ্রহণকারী
০২					বিকল্প অংশগ্রহণকারী

ডাকাযোগে/ বিশেষ বার্তা বাহক ছাড়াও মনোনয়নের সফটকপি ইউনিকোডে (Nikosh) ফন্টে পূরণ করে  
sheikhrusseldigitallab@gmail.com ই-মেইলে (Sub: Language Training) প্রেরণ করতে হবে।

  
(মালিহা নাগিস)

অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ও প্রকল্প পরিচালক  
ফোন-০২- ৮১৮১০৯৯

প্রতি:   
প্রকল্প পরিচালক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর)  
(অসহকারী প্রকল্প পরিচালক)

## অনুলিপি:

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) জেলা প্রশাসক,..... জেলা (দৃষ্টি আকর্ষনে: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),..... জেলা)।
- ৩) সহকারী প্রোগ্রামার, ..... জেলা (জেলার নির্বাচিত ভাষা প্রশিক্ষণ ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সাথে অতিসত্বর যোগাযোগ করে প্রতিনিধি প্রেরণ নিশ্চিত করনার্থে)।
- ৪) সহকারী প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন।
- ৫) বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট, ঢাকা।
- ৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) অফিস কপি।